

প্রশিক্ষিত প্রযুক্তিবিদ গড়তে আর্জি বুদ্ধের

নিজস্ব সংবাদদাতা ✧ কলকাতা

উন্নয়নের জন্য শুধু কৃষির উপরে নয়, জোর দিতে হবে শিল্পেও। সেই শিল্পের চাহিদা মেটাতে প্রয়োজন প্রশিক্ষণপ্রাপ্ত প্রযুক্তিবিদ। শিল্পের উপযুক্ত পেশাদার তৈরিতে উদ্যোগী হতে হবে শিক্ষা প্রতিষ্ঠানকে। শুক্রবার বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি (বেসু)-র ১৫০ বছর পূর্তি অনুষ্ঠানে এ কথা জানিয়ে মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য বলেন, “উন্নত দেশগুলির সঙ্গে পালা দিতে হলে এ দেশের মানবসম্পদ উন্নয়নে জোর দিতে হবে।” আগামী বছর স্নাতক ও স্নাতকোত্তর স্তরের বেশ কিছু পাঠ্যক্রম চালু করবে বেসু। মুখ্যমন্ত্রী বলেন, বেসুকে ‘ইনস্টিটিউট অব ন্যাশনাল ইম্পোর্ট্যান্স’ (আই এন আই) বা জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের সম্মান দিতে কেন্দ্রের সঙ্গে আলোচনা চলছে।